'কৃষিই সমৃদ্ধি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
অতিরিক্ত পরিচালক এর কার্যালয়
ঢাকা অঞ্চল, ঢাকা
ল্যাবরেটরী বিল্ডিং, ফার্মগেট, ঢাকা-১২১৫
E-mail : adaedhak@yahoo.com

স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.১৫২.১৫- /১০৬৯ তারিখঃ ১১/০৫/১৭

বরাবর

পরিচালক
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা

দৃষ্টি আকর্ষণঃ উপ-পরিচালক (আইসিটি)।

বিষয়ঃ জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামালায় চাকুরী হতে বরখাস্তকরণ আদেশের কপি ডিএই'র ওয়েব সাইটে প্রদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় অত্র কার্যালয়ের স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.১৫২.১৫-১০২৪ তারিখ- ০৩-০৫-২০১৭খ্রিঃ মোতাবেক চাকুরী হতে বরখাস্তকরণ আদেশের কপি ডিএই'র ওয়েব সাইটে প্রদর্শনের নিমিত্ত এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে-০১ পাতা।

১১/০৫/১৭
(ড. মোঃ আবদুল মুঈদ)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঢাকা অঞ্চল, ঢাকা
ফোনঃ ৯১১১০৬০

D/F/F/Malun.Habib

'কৃষিই সমৃদ্ধি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঢাকা অঞ্চল, ঢাকা
ল্যাবরেটরী বিল্ডিং, ফার্মগেট, ঢাকা-১২১৫
E-mail : adaedhak@yahoo.com

## অফিস আদেশ

নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.১৫২.১৫-/১০২৪ তারিখ- ০৬/০৫/২০১৭

যেহেতু, জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর এর বিরুদ্ধে অত্র দপ্তরের স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.১৫২.১৫-৯১০ তারিখ- ৩১-০৫-২০১৬খ্রিঃ মূলে 'সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ এর অধীন অসদাচরণ ও কার্যত্যাগ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক ১ম কারণ দর্শাও নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর নির্ধারিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনে কাগজ-পত্রাদিসহ বিভাগীয় মামলায় আনীত অভিযোগের জবাব দাখিল করেন নাই; এবং

যেহেতু জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগের উপর তদন্ত কার্যক্রম পরিচালনার জন্য অত্র দপ্তরের স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.১৫২.১৫-১৬৫৯/১(২) তারিখ- ০৪-১০-২০১৬খ্রিঃ মূলে জনাব মোঃ মাসুদ রেজা, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাজীপুর'কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তাঁর কার্যালয়ের স্মারক নং-১২.১৭.৩৩০০.০৩৯.২৭.০০১.১৬-৭০ তারিখ- ১১-০১-২০১৭খ্রিঃ মোতাবেক জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগের উপর তদন্ত কার্যক্রম সম্পন্ন করার পর মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনি জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তদন্ত প্রতিবেদনের কপিসহ দোষী সাব্যস্ত করে কেন চাকুরী হতে বরখাস্তকরণ করা হবে না এ মর্মে অত্র কার্যালয়ের স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.১৫২.১৫-২৭৪ তারিখ- ০৭-০২-২০১৭খ্রিঃ মূলে দ্বিতীয় কারণ দর্শাও নোটিশ রেজিষ্টার্ডএডি ডাকযোগে আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়। এছাড়া দ্বিতীয় কারণ দর্শাও নোটিশটি অত্র কার্যালয়ের জারীকারকের মাধ্যমে সার্ভিস রিটার্ণ (এস আর) ফরমে স্বাক্ষীর উপস্থিতিতে আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় বিলি/জারী করা হয়; এবং

যেহেতু, আপনি জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর দ্বিতীয় কারণ দর্শাও নোটিশের জবাব দাখিল করেন নাই এবং অদ্যাবধি পর্যন্ত আপনার অবস্থান সম্পর্কে কর্তৃপক্ষকে কোনরুপ অবহিত করেন নাই; এবং

যেহেতু, জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর'কে অত্র কার্যালয়ের স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.১৫২.১৫-৭৮১ তারিখ- ২৭-০৩-২০১৭খ্রিঃ মূলে দৈনিক পত্রিকায় চূড়ান্ত নোটিশটি প্রকাশের ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে যুক্তিসংগত কারন ব্যাখ্যাসহ জবাব অথবা ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে মৌখিক বক্তব্য পেশ করার সর্বশেষ সুযোগ দেয়া হয়। এরপরও আপনি চূড়ান্ত নোটিশটি 'দৈনিক সংবাদ' পত্রিকায় ৩০-০৩-২০১৭খ্রিঃ প্রকাশের তারিখ হতে নির্ধারিত সময়ের মধ্যে লিখিত বিবৃতি দাখিল অথবা ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে মৌখিক বক্তব্য পেশ করতে ব্যর্থ হয়েছেন; এবং

যেহেতু, জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক চাকুরী হতে বরখাস্ত করণের(Dismissal from service) সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, এক্ষণে আপনি জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর'কে 'সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ এর বিধি ৩(বি) ধারায় বর্ণিত অসদাচরণ (Misconduct) এবং বিধি ৩(সি) ধারায় বর্ণিত কার্যত্যাগ (Desertion) এর অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষ একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) মোতাবেক তাকে (জনাব শিরিন আক্তার) কার্যত্যাগের তারিখ- ০২-০২-২০১৪খ্রিঃ থেকে চাকুরী হতে বরখাস্তকরণ (Dismissal from service) করা হলো।

(ড. মোঃ আবদুল মুঈদ) ০৬/৫/১৭
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঢাকা অঞ্চল, ঢাকা

প্রাপকঃ

**১। বর্তমান ঠিকানাঃ** (ক) জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর।
(খ) জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, প্রযত্নে- ফরিদা আক্তার বীনা, অর্থ ও হিসাব শাখা বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট (বারী), গাজীপুর-১৭০১।
**২। স্থায়ী ঠিকানাঃ** জনাব শিরিন আক্তার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা
পিতা- মৃত আব্দুল কাদের, গ্রাম- চক চন্দ্রপুর, ডাকঘর- চন্ডীদ্বার, উপজেলা- কসবা, জেলা- বি-বাড়িয়া।

স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.১৫২.১৫- তারিখ-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাজীপুর।
২। উপজেলা কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর।
৩। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কাপাসিয়া, গাজীপুর।

(ড. মোঃ আবদুল মুঈদ)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঢাকা অঞ্চল, ঢাকা
ফোনঃ ৯১১১০৬০

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। মহাপরিচালক (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, প্রশাসন ও অর্থ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।